

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর
ও

রিটার্নিং অফিসারের কার্যালয়
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
www.dinajpur.gov.bd


গণ-বিজ্ঞপ্তি

যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী ২৪ এপ্রিল ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৭.২৪-২১২ এর মাধ্যমে দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছেঃ-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০৯ মে ২০২৪ ২৬ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১২ মে ২০২৪ ২৯ বৈশাখ ১৪৩১	রবিবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ের রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	১৩-১৫ মে ২০২৪ ৩০ বৈশাখ-০১ জ্যৈষ্ঠ ১৪৩১	সোমবার-বুধবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	১৬-১৮ মে ২০২৪ ০২-০৪ জ্যৈষ্ঠ ১৪৩১	বৃহস্পতিবার-শনিবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১৯ মে ২০২৪ ০৫ জ্যৈষ্ঠ ১৪৩১	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	২০ মে ২০২৪ ০৬ জ্যৈষ্ঠ ১৪৩১	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	০৫ জুন ২০২৪ ২২ জ্যৈষ্ঠ ১৪৩১	বুধবার
ভোটগ্রহণের সময়সীমাঃ সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালট এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে				

২। এক্ষেপে, সেহেতু, আমি সোহাগ চন্দ্র সাহা, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর ও রিটার্নিং অফিসার, নবাবগঞ্জ উপজেলা পরিষদ উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, নবাবগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ০৯ মে ২০২৪/২৬ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে (http://onss.ecs.gov.bd) প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।


সোহাগ চন্দ্র সাহা

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর
ও

রিটার্নিং অফিসার

নবাবগঞ্জ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪

☎ ০২৫৮৯৯২৫০৭৭

adcrdinajpur@mopa.gov.bd

তারিখঃ ২৫ দিন ০৪ মাস ২০ ২ ৪ বৎসর

তারিখঃ ১২ বৈশাখ ১৪৩১
২৫ এপ্রিল ২০২৪

স্মারক নং- ০৫.৫৫.২৭০০.০০৩.০২.০১০.২৪- ৪১(১৫)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৪. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৫. জেলা প্রশাসক, দিনাজপুর ও আপীল কর্তৃপক্ষ
৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর
৭. পুলিশ সুপার, দিনাজপুর
৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, দিনাজপুর
৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, দিনাজপুর
১০. উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর ও সহকারী রিটার্নিং অফিসার [গণ-বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ]
১১. সহকারী পরিচালক, জেলা তথ্য অফিস, দিনাজপুর [গণ-বিজ্ঞপ্তিটি বিরল উপজেলার সকল এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ]
১২. উপজেলা নির্বাচন অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর
১৩. অফিসার ইনচার্জ, নবাবগঞ্জ থানা, দিনাজপুর
১৪. সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, দিনাজপুর
১৫. নোটিশ বোর্ড

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর

ও

রিটার্নিং অফিসার

নবাবগঞ্জ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪